## ময়মনসিংহ সদর উপজেলা পরিষদের এপ্রিল/২০২২ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব আশরাফ হোসাইন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
তারিখ ঃ ২৬/০৪/২০২২ খ্রিস্টাব্দ, সময় ঃ সকাল ১২.০০ ঘটিকা।

**উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং উপস্থিত সরকারি বিভাগীয় প্রধানগণের তালিকা পরিশিষ্ট 'খ'**

সভার সভাপতি উপজেলা চেয়ারম্যান জনাব আশরাফ হোসাইন সভার শুরুতেই সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃনং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | উপজেলা প্রকৌশলী সভায় জানান, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের নিয়ন্ত্রনাধীন সরক গুলোতে যাতে ধারন ক্ষমতার (সবোর্চ্চ ১০ টন) এর চেয়ে অধিক ওজনের মাল বোঝাই ট্রাক বা যাননবাহন চলাচল করতে না পারে সে ব্যাপারে কার্যকর ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রশাসন ও পুলিশ প্রশাসনের সহযোগিতা কামনা করেন। এছাড়া সড়কের স্বার্শ ঘেষে যাতে কেউ পুকুর খনন না করেন সে ব্যাপারে পদক্ষেপ গ্রহনের জন্য স্থানীয় জন প্রতিনিধিদের দৃষ্টি আকর্ষন করেন এবং বিভাগীয় / অন্যান্য কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে অধিক ওজনের মাল বোঝাই ট্রাক বা যাননবাহন চলাচল করতে না পারে সে ব্যাপারে মোবইল কোর্ট পরিচালনাা করা এবং সড়কের স্বার্শ ঘেষে যাতে কেউ পুকুর খনন না করেন সে ব্যাপারে ইউপি চেয়ারম্যানগণকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী/ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল। |
| ২ | **উপজেলা কৃষি অফিস ঃ** উপজেলা কৃষি অফিসার সভাকে জানান, বর্তমানে মাঠে বোরো ফসল রয়েছে মাঠের অবস্থা পর্যাবেক্ষন করে উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে যাচ্ছেন। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোনান্তে উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণকে মাঠে বোরো ফসলে তদারকি ও কৃষকদেকে প্রয়োজনীয় পরামর্শ কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানবৃন্দ। |
| ৩ | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, ময়মনসিংহ সদর উপজেলার আওতাধীন কোভিড-১৯ কার্যক্রম চলমান রয়েছে। টিকা কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগনকে স্ব স্ব ইউনিয়নে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ জানান। বিভাগীয় অন্যান্য কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে স্বাস্থ্য বিধি পালনের বিষয়ে প্রচারণার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ/ ইউপি চেয়ারম্যানগণ ময়মনসিংহ সদর,ময়মনসিংহ। |
| ৪ | **উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস ঃ** উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, কোভিড-১৯ পরিস্থিতি স্বাভাবিক পর্যায়ে আসায় ব্যিালয়ে স্বাভাবিক ভাবে পাঠদান চালু আছে। শিক্ষার্থী উপস্থিতি ও সন্তোষজনক। এছাড়া ঘাগড়া ইউনিয়নে উজান ঘাগড়া তালতলা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের জমিতে অবৈধভাবে ঘর নিমার্ণ করা হচ্ছে। এ বিষয়টি নিরসনের জন্য সহযোগিতা কামনা করেন। এছাড়া আরো জানান যে, চর ঝাউগড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ে মাঠের পাশে রেইনট্রি গাছটি পাশের বাড়ীর জনৈক ব্যক্তি কর্তৃক কর্তন করা হয়। এ সমস্যাটি সমাধানের জন্য সহযোগিতা কামনা করেন। স্কুল পর্যায়ে বিভিন্ন প্রকার সরকারী বরাদ্দের কাজ চলমান রয়েছে। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়গণকে কাজগুলো মনিটরিং করার জন্য অনুরোধ জানান। এছাড়া শিক্ষার্থীদের জন্য নিবন্ধন সহজে পাওয়ার বিষয়ে সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে প্রাথমিক বিদ্যালয়ের জায়গাতে অবৈধ দখলকারীদের উচ্ছেদ কার্যক্রম বাস্তবায়ন ও নতুন নির্মাণাধীন প্রাথমিক বিদ্যালয়ের ভবনসমূহের নির্মাণ কাজ সুষ্ঠভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসা/উপজেলা প্রকৌশলী/ উপজেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ সদর,ময়মনসিংহ। |
| ৫ | **উপজেলা পরিসংখ্যান অফিস : উপজেলা পরিসংখ্যান অফিস জানান যে, আগামী ১৫-২১ জুন জনশুমারী ২০২২ সালের খানায় গিয়ে তথ্য সংগ্রহ করবে। এ বিষয়ে মে মাসে কমিটির সদস্যদের নিয়ে সভা অনুষ্ঠিত হবে। এছাড়া তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।** | সভায় বিস্তারিত আলোচনান্তে **আগামী মে ২০২২ মাসে জুনশুমারী নিয়ে ইউপি চেয়ারম্যান ও অন্যান্য কমিটির সাথে সভা আহবানের** সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার/ ইউপি চেয়ারম্যানগণ ময়মনসিংহ সদর,ময়মনসিংহ। |
| ৬ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন | সভায় বিস্তারিত আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সকল ইউপি চেয়ারম্যানগণ। |

| | | | |
|---|---|---|---|
| ৭ | **উপজেলা সমাজসেবা অফিস ঃ** উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান, **তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন** | সভায় বিস্তারিত আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার/সকল ইউপি চেয়ারম্যান ময়মনসিংহ সদর,ময়মনসিংহ। |
| ৮ | **উপজেলা মহিলা বিষয়ক অফিস:** উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান, **তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন** | সভায় আলোচনান্তে অনলাইনে আবেদন সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার/সকল ইউপি চেয়ারম্যান ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ৯ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান, **তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন** | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ময়মনসিংহ সদর,ময়মনসিংহ। |
| ১০ | **উপজেলা পাট উন্নয়ন অফিস ঃ** উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, পাটবীজ উৎপাদনকারী চাষীর তালিকা করা হয়েছে। ঐ তালিকাভূক্ত চাষীদের মাঝে পাটবীজ ও রাসায়নিক সার বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করছি। | সভায় আলোচনান্তে শ্রীঘই পাটবীজ ও সার বিতরণের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যানগণ ময়মনসিংহ সদর,ময়মনসিংহ। |
| ১১ | চেয়ারম্যান ঘাগড়া ইউপি চেয়ারম্যান সভায় জানান যে, বিজিএফ চাউল সুষ্ঠুভাবে বিতরণ করার পরও মাঠে বিজিএফ কর্মী ছিল। তাদেরকে নিজস্ব অর্থায়নে মাধ্যমে বিজিএফ চাউল বিতরণ করেন। কে বা কারা তার বিরুদ্ধে উস্কানীমূলক লোকবল জড়িয়ে দিয়ে বিভ্রান্ত সৃষ্টি করছিল। পক্ষান্তরে উপজেলা নির্বাহী অফিসার জনাব মো: সাইফুল ইসলাম সভায় জানান যে, এ বিষয়ে তদন্ত কমিটি গঠন করা হয়েছে। এবং আগামী ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে তদন্ত কমিটি প্রতিবেদন দাখিল করবেন। | আলোচনান্তে বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, ঘাগড়াা ইউপি/ সংশ্লিষ্ট তদন্ত কমিটি ময়মনসিংহ সদর,ময়মনসিংহ। |
| ১২ | বিবিধ আলোচনা:<br>১। উপজেলা নির্বাহী অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ জানান যে, অত্র উপজেলা হতে গাজীপুর সিটি কর্পোরেশনে আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা হিসেবে বদলী করায় ২৭/০৪/২০২২ খ্রি.তারিখ অত্র উপজেলায় শেষ কর্মদিবস । অত্র উপজেলার সকল দপ্তরের সাথে কাজ করতে হয়েছে। এবং সকলেই সহযোগিতা করেছেন। অত্র সভার সভাপতি মহোদয়কে দপ্তরের সকল কার্যক্রম বিশেষ করে মুজিব বর্ষের গৃহনির্মাণ কাজে সহযোগিতা ও অন্যান্য সকল কাজে আন্তরিকতার সহিত কাজ সম্পাদন করতে পাড়ায় অনেক অনেক ধন্যবাদ জ্ঞাপন করেন। এবং সকলের কাছে দোয়া কামনা করেন। | আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা সকল অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| | ২। সভার সভাপতি উপজেলা চেয়ারম্যান মহোদয় সভায় জানান যে, অত্র উপজেলা পরিষদ নিয়ন্ত্রনাধীন পিআইসি/টেন্ডার পরিষদ কর্তৃক অনুমোদিত হয়েছে। তা আপাতত তহবিল পর্যাপ্ত অর্থ না থাকায় বিল পরিশোধ করা যাচ্ছে না। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া উপজেলা নির্বাহী অফিসার জনাব মো: সাইফুল ইসলাম সাহেবের শেষ কর্মদিবস/বিদায় উপলক্ষে বিদায় সংবর্ধনা ও দোয়া মাহফিলের আয়োজন করেন। সকলকে বিদায় সংবর্ধনা ও দোয়া মাহফিলে অংশগ্রহণ করার আহবান জানান। | আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা সকল অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |

পরিশেষে সকলের সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(আশরাফ হোসাইন)**
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
**ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।**

ং ০৫.৪৫.৬১৫২.০০০৯.০৩.০০১.২০২২-৮৫০ (৫০) তারিখ-২৬/০৪/২০২২খ্রিঃ।

প সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

বেগম রওশন এরশাদ এমপি, মাননীয় বিরোধী দলীয় নেতা, বাংলাদেশ জাতীয় সংসদ ও মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৪৯ ময়মনসিংহ-৪, ময়মনসিংহ।

২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।

৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৭। উপজেলা.........................................কর্মকর্তা (সকল), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৮। জনাব.......................চেয়ারম্যান......................ইউপি (সকল), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৯। জনাব..............................................................................................

১০। অফিস কপি।

(মোঃ সাইফুল ইসলাম)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।